# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

**৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর লিখিত পরীক্ষা**

নথি নম্বর : ৮০.০০.০০০০.২০০.৫৬.০৫৮.২২-৪৪৪

তারিখ : ১১ পৌষ ১৪২৯ / ২৬ ডিসেম্বর ২০২২

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয় : ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর লিখিত পরীক্ষার [আবশ্যিক ও পদ-সংশ্লিষ্ট বিষয়] কেন্দ্রভিত্তিক পরীক্ষা সূচি, হলভিত্তিক আসনব্যবস্থা ও গুরুত্বপূর্ণ নির্দেশনা**

**কেন্দ্র : ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ**

### পরীক্ষার সময়সূচি, হল ও আসন ব্যবস্থা

**[ক] আবশ্যিক বিষয় :**

| তারিখ ও দিন | সময় | বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|
| ২৯.১২.২০২২ বৃহস্পতিবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট (৪ ঘণ্টা; ২০০ নম্বর) | ইংরেজি (০০৩) (সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০১.০১.২০২৩ রবিবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট (৪ ঘণ্টা; ২০০ নম্বর) | বাংলাদেশ বিষয়াবলি (০০৫) (সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০২.০১.২০২৩ সোমবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১.০০ মিনিট (৩ ঘণ্টা; ১০০ নম্বর) | আন্তর্জাতিক বিষয়াবলি (০০৭) (সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০৩.০১.২০২৩ মঙ্গলবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১২.০০ মিনিট (২ ঘণ্টা; ৫০ নম্বর) | গাণিতিক যুক্তি (০০৮) (সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| | দুপুর ১২.৩০ মিনিট থেকে দুপুর ১.৩০ মিনিট (১ ঘণ্টা; ৫০ নম্বর) | মানসিক দক্ষতা (০০৯) (সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০৪.০১.২০২৩ বুধবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১.০০ মিনিট (৩ ঘণ্টা; ১০০ নম্বর) | সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি (০১০) (সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০৫.০১.২০২৩ বৃহস্পতিবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১.০০ মিনিট (৩ ঘণ্টা; ১০০ নম্বর) | বাংলা (০০১) (শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য) |
| | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট (৪ ঘণ্টা; ২০০ নম্বর) | বাংলা (০০২) (সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |

### হলের নাম ও আসনব্যবস্থা

**ঢাকা কেন্দ্র:**

| ক্রমিক নম্বর | পরীক্ষা হলের নাম | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ১১০০০০০৭---১১০২২৫৫১ | ১০৪৯ |
| ২. | সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ, গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ১১০২২৫৫৯---১১০৩৯৭১১ | ১৫০০ |
| ৩. | ভাসানটেক সরকারি কলেজ, কাফরুল, ঢাকা | ১১০৩৯৭১৩---১১০৪৮৪২৫ | ৮০০ |
| ৪. | সরকারি বিজ্ঞান কলেজ, তেজগাঁও, ঢাকা-১২১৫ | ১১০৪৮৪৩১---১১০৫৮৪১৪ | ১০০০ |
| ৫. | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | ১১০০১০৫৮---১১১৬৫৭৪৫ | ১৫০০ |
| ৬. | তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫ | ১১০৬৭৪৫০---১১০৮৪৯০৬ | ১৫০০ |
| ৭. | গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা | ১১০৮৪৯৬৫---১১১০৩৯৭৭ | ১০০০ |
| ৮. | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ১১১০৩৯৯৭---১১৮০০৭১৬ | ১৬০০ |

ক্রমশ: ২

**রাজশাহী কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ৯. | রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী | ১২০০০০০৬---১২৮০০৫৩২ | ৯১৬ জন |

**চট্টগ্রাম কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১০. | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | ১৩০০০০২৯---১৩০২৯৯৪২ | ৮৯৪ জন |

**খুলনা কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১১. | খুলনা সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, খুলনা | ১৪০০০০২৮---১৪০২৪৭৫৩ | ৬৩৭ জন |

**বরিশাল কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১২. | বরিশাল জিলা স্কুল, বরিশাল | ১৫০০০০৬৬---১৫০১১৮৯০ | ৩১০ জন |

**সিলেট কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১৩. | সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট | ১৬০০০০২০---১৬০১০৫৯৯ | ৪৪৫ জন |

**রংপুর কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১৪. | রংপুর সরকারি কলেজ, রংপুর | ১৭০০০০২৪---১৭০২৮৪৯৭ | ৭৯৪ জন |

**ময়মনসিংহ কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১৫. | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | ১৮০০০০৩৬---১৮০২৬৯৫৭ | ১৭৬৩ জন |

**[খ] পদ-সংশ্লিষ্ট বিষয় :**

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময়: সকাল ১০.০০ মিনিট-দুপুর ২.০০ মিনিট |
|---|---|---|---|
| | | | বিষয়ের নাম ও বিষয় কোড |
| ৮ জানুয়ারি ২০২৩ রবিবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | উদ্ভিদবিদ্যা (৫৮১), প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), হিসাববিজ্ঞান (৭০১), মেডিকেল সায়েন্স (৭৭১) ও ডেন্টাল সায়েন্স (৭৯১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | বাংলা (১১১), ইংরেজি (১২১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), পশুপালন (৮৩১) ও বনবিদ্যা (৮৭১) |
| | রাজশাহী | রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী | বাংলা (১১১), ইংরেজি (১২১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), উদ্ভিদবিদ্যা (৫৮১), প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), হিসাববিজ্ঞান (৭০১), মেডিকেল সায়েন্স (৭৭১) ডেন্টাল সায়েন্স (৭৯১), পশুপালন (৮৩১), বনবিদ্যা (৮৭১) |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | |
| | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | বাংলা (১১১), ইংরেজি (১২১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), উদ্ভিদবিদ্যা (৫৮১), প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), হিসাববিজ্ঞান (৭০১), মেডিকেল সায়েন্স (৭৭১) ডেন্টাল সায়েন্স (৭৯১) ও বনবিদ্যা (৮৭১) |
| | খুলনা | খুলনা সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, খুলনা | |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | বাংলা (১১১), ইংরেজি (১২১), দর্শন (২১১), উদ্ভিদবিদ্যা (৫৮১), প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), হিসাববিজ্ঞান (৭০১), মেডিকেল সায়েন্স (৭৭১) ডেন্টাল সায়েন্স (৭৯১) ও পশুপালন (৮৩১) |
| | সিলেট | সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট | বাংলা (১১১), ইংরেজি (১২১), দর্শন (২১১), উদ্ভিদবিদ্যা (৫৮১), প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), হিসাববিজ্ঞান (৭০১), মেডিকেল সায়েন্স (৭৭১) ডেন্টাল সায়েন্স (৭৯১) ও বনবিদ্যা (৮৭১) |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | বাংলা (১১১), ইংরেজি (১২১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), উদ্ভিদবিদ্যা (৫৮১), প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), হিসাববিজ্ঞান (৭০১), মেডিকেল সায়েন্স (৭৭১) ডেন্টাল সায়েন্স (৭৯১) ও পশুপালন (৮৩১) |

ক্রমশ: ৩

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময়: সকাল ১০.০০ মিনিট-দুপুর ২.০০ মিনিট<br>বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|---|
| ৯ জানুয়ারি ২০২৩<br>সোমবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | ইতিহাস (১৮১), শিক্ষা (২২১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), ফলিত পদার্থ (৫২১), রসায়ন (৫৩১) ও গণিত (৫৫১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ফলিত গণিত (৫৬১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), তড়িৎকৌশল (৮৯১) ও যন্ত্রকৌশল (৯০১) |
| | রাজশাহী | রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী | ইতিহাস (১৮১), শিক্ষা (২২১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), ফলিত পদার্থ (৫২১), রসায়ন (৫৩১), গণিত (৫৫১), ফলিত গণিত (৫৬১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), তড়িৎকৌশল (৮৯১) ও যন্ত্রকৌশল (৯০১) |
| | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | |
| | খুলনা | খুলনা সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, খুলনা | ইতিহাস (১৮১), শিক্ষা (২২১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), ফলিত পদার্থ (৫২১), রসায়ন (৫৩১) গণিত (৫৫১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), তড়িৎকৌশল (৮৯১) ও যন্ত্রকৌশল (৯০১) |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | ইতিহাস (১৮১), শিক্ষা (২২১), অর্থনীতি (৩৩১), রসায়ন (৫৩১), গণিত (৫৫১), ফলিত গণিত (৫৬১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), তড়িৎকৌশল (৮৯১) ও যন্ত্রকৌশল (৯০১) |
| | সিলেট | সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট | ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), রসায়ন (৫৩১), গণিত (৫৫১), ফলিত গণিত (৫৬১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১) ও তড়িৎকৌশল (৮৯১) |
| ১০ জানুয়ারি ২০২৩<br>মঙ্গলবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | রাষ্ট্রবিজ্ঞান (৩৪১), সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), খাদ্য প্রকৌশল (৪৭৮) ও পদার্থবিদ্যা (৫১১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ফিন্যান্স (৭১১), মার্কেটিং (৭২১), ব্যবস্থাপনা (৭৩১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১) ও পরিসংখ্যান (৯৮১) |
| | রাজশাহী | রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী | রাষ্ট্রবিজ্ঞান (৩৪১), সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), খাদ্য প্রকৌশল (৪৭৮), পদার্থবিদ্যা (৫১১), ফিন্যান্স (৭১১), মার্কেটিং (৭২১), ব্যবস্থাপনা (৭৩১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১) ও পরিসংখ্যান (৯৮১) |
| | সিলেট | সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট | |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | |
| | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | রাষ্ট্রবিজ্ঞান (৩৪১), সমাজবিজ্ঞান (৩৫১), পদার্থবিদ্যা (৫১১), ফিন্যান্স (৭১১), মার্কেটিং (৭২১), ব্যবস্থাপনা (৭৩১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১) ও পরিসংখ্যান (৯৮১) |
| | খুলনা | খুলনা সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, খুলনা | রাষ্ট্রবিজ্ঞান (৩৪১), সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), পদার্থবিদ্যা (৫১১), ফিন্যান্স (৭১১), মার্কেটিং (৭২১), ব্যবস্থাপনা (৭৩১) ও পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১), ও পরিসংখ্যান (৯৮১) |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | রাষ্ট্রবিজ্ঞান (৩৪১), সমাজবিজ্ঞান (৩৫১), পদার্থবিদ্যা (৫১১), ফিন্যান্স (৭১১), মার্কেটিং (৭২১), ব্যবস্থাপনা (৭৩১) ও পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১) |

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময়: সকাল ১০.০০ মিনিট-দুপুর ২.০০ মিনিট |
|---|---|---|---|
| | | | বিষয়ের নাম ও বিষয় কোড |
| ১১ জানুয়ারি ২০২৩ বুধবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | মনোবিজ্ঞান (১৭১), ইলেকট্রনিক্স (২৭১), গার্হস্থ্য অর্থনীতি (৩৯১), গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান (৪১১), সিরামিক ইঞ্জিনিয়ারিং (৪৯১), ফলিত রসায়ন (৫৪১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১), কৃষি (৮০১), রসায়ন প্রকৌশল (৯১১) ও স্থাপত্য কৌশল (৯৩১) |
| | | ৭১ মিলনায়নতন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | আরবি (১৩১) ও ইসলামী শিক্ষা (২০১) |
| | রাজশাহী | রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী | মনোবিজ্ঞান (১৭১), ইলেকট্রনিক্স (২৭১), ফলিত রসায়ন (৫৪১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১), কৃষি (৮০১) ও রসায়ন প্রকৌশল (৯১১) |
| | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | মনোবিজ্ঞান (১৭১), ইলেকট্রনিক্স (২৭১), সিরামিক ইঞ্জিনিয়ারিং (৪৯১), ফলিত রসায়ন (৫৪১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১), কৃষি (৮০১) ও স্থাপত্যকৌশল (৯৩১) |
| | খুলনা | খুলনা সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, খুলনা | ইলেকট্রনিক্স (২৭১), ফলিত রসায়ন (৫৪১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১), কৃষি (৮০১) ও রসায়ন প্রকৌশল (৯১১) |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | ফলিত রসায়ন (৫৪১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১) ও কৃষি (৮০১) |
| | সিলেট | সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট | ফলিত রসায়ন (৫৪১) ও কৃষি (৮০১) |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | ইলেকট্রনিক্স (২৭১), ফলিত রসায়ন (৫৪১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১) ও কৃষি (৮০১) |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | মনোবিজ্ঞান (১৭১), ইলেকট্রনিক্স (২৭১), সিরামিক ইঞ্জিনিয়ারিং (৪৯১), ফলিত রসায়ন (৫৪১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১) ও কৃষি (৮০১) |

**[গ] পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা**

১.০ পরীক্ষা ও নম্বর সম্পর্কিত :

১.১ প্রার্থীর জন্য প্রযোজ্য [সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডার] বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা আবশ্যক।

১.২ লিখিত পরীক্ষায় গড় ন্যূনতম পাস নম্বর হবে ৫০%। লিখিত পরীক্ষায় কোন বিষয়ে ৩০% নম্বরের কম পেলে সে নম্বর মোট নম্বরের সাথে যোগ হবে না।

১.৩ সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের প্রার্থী কিংবা শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের কারিগরি/পেশাগত ক্যাডার সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয়ে (Job related) ২০০ নম্বরের ৪ (চার) ঘণ্টা সময়ের একটি বিষয়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

২.০ **১১.০১.২০২৩ তারিখে অনুষ্ঠেয় পদ-সংশ্লিষ্ট আরবি (১৩১) ও ইসলামী শিক্ষা (২০১) বিষয়ের পরীক্ষা শুধু ঢাকা কেন্দ্রে [হলের নাম: ৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা] অনুষ্ঠিত হবে।**

৩.০ উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, অথবা কোনরূপ কাটাকাটি করলে বা ফ্লুইড লাগালে ৪৪তম বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞাপনের ৩৩.২ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থিতা বাতিল হবে।

৪.০ প্রার্থীর নামে নতুন করে কোন প্রবেশপত্র জারি করা হবে না। প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য প্রাপ্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। প্রবেশপত্রে মুদ্রিত নির্দেশনা পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।

৫.০ পরীক্ষার হলে নিষিদ্ধ সামগ্রীসহ প্রবেশ রোধ এবং অসদুপায় ও অসদাচরণ বন্ধে নিম্নোক্ত ক্ষেত্রে প্রার্থীদের অধিকতর সতর্কতা অবলম্বন করা আবশ্যক :

৫.১ মোবাইল ফোন, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, সকল ধরনের ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র, বই-পুস্তক, ব্যাগ, মানি ব্যাগ, ব্যাংক কার্ড, ক্রেডিট কার্ড, ক্যালকুলেটর [গাণিতিক যুক্তি (আবশ্যিক) বিষয়ের জন্য কেবল সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। পদ-সংশ্লিষ্ট বিষয়ের ক্ষেত্রে ৫.২ অনুচ্ছেদ অনুসারে ক্যালকুলেটর ব্যবহার করা যাবে] ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। পরীক্ষার হলে প্রার্থীরা গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার এবং ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড বা এ ধরনের কোন কিছু বহন করতে পারবেন না। পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রীর প্রবেশ রোধে Metal Detector এর সাহায্যে তল্লাশি করা হবে এবং প্রবেশপত্র চেক করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। উল্লেখ্য, পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর নিকট বর্ণিত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে বিজ্ঞাপনের শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমশ: ৫

৫.২ কেবল গণিত, ফলিত গণিত, পদার্থবিদ্যা, ফলিত পদার্থ, ইলেকট্রনিক্স, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, মার্কেটিং, কম্পিউটার সায়েন্স, পরিসংখ্যান ও ইঞ্জিনিয়ারিং বিষয়সমূহের ক্ষেত্রে non programmable সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

৫.৩ পরীক্ষার সময় প্রার্থীরা মুখ ও কানের ওপর মাস্ক ব্যতীত কোন আবরণ রাখবেন না।

৫.৪ পরীক্ষায় যে কোন অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিষ্কার করা হবে। উল্লেখ্য, কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিজ্ঞাপনের ৩১.১ ও ৩১.২ নম্বর অনুচ্ছেদের সিদ্ধান্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া, তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না।

৫.৫ বি.সি.এস. পরীক্ষা বিধিমালা অনুযায়ী ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং সার্ভিসে নিয়োগের পর কোন প্রার্থীর ক্ষেত্রে এরূপ তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.০ হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। পরীক্ষার শুরুতেই পরিদর্শকবৃন্দ প্রার্থীর প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখবেন; মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রবেশপত্রে উল্লেখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর সাথে প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের মিল রয়েছে কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন ও হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন।

৭.০ লিখিত পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৮.০ পরীক্ষার দিন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়ানোর জন্য যে সব প্রার্থীদের জাতীয় পরিচয়পত্র রয়েছে তা তাদের সাথে রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

৯.০ অনলাইন রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর পূরণকৃত তথ্য এবং ৪৪তম বি.সি.এস. এর বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ডিক্লারেশনের ঘোষণার ভিত্তিতে প্রার্থীকে অনলাইন প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ৩৩.০ নম্বর অনুচ্ছেদের ৩৩.১ থেকে ৩৩.৫ নম্বর শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্রে কোন গুরুতর [Substantive] ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

১০.০ **প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক প্রদান সংক্রান্ত :**

১০.১ প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাঁদের আবেদনের প্রেক্ষিতে কমিশন হতে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত শ্রুতিলেখক প্রদান করা হবে। প্রতিবন্ধী প্রার্থীর আবেদন অনুযায়ী কেবল কমিশন কর্তৃক প্রদত্ত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন কর্তৃক অনুমোদিত ও প্রদত্ত শ্রুতিলেখক ব্যতীত অন্য কোন ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে গ্রহণ করা হবে না।

১০.২ **শ্রুতিলেখকদের [শুধু দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য] প্রতি ঘণ্টার পরীক্ষার জন্য অতিরিক্ত ১০ মিনিট সময় বরাদ্দ করা হবে।** ৪৪তম বি.সি.এস.-এর লিখিত পরীক্ষার প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদের শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র ও আনুষঙ্গিক ডকুমেন্টসসহ পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এর দফতরে নির্দিষ্ট তারিখের মধ্যে লিখিত আবেদন পৌঁছাতে হবে।

১১.০ **OMR পূরণ সংক্রান্ত নির্দেশনা:**

৪৪তম বি.সি.এস. এর লিখিত পরীক্ষা double lithocode এবং barcode সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে বিধায় প্রচলিত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় একটি লিথোকোডেড OMR ফরম সংযুক্ত থাকবে। উক্ত OMR ফরমের ওপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করতে হবে :

১১.১ প্রতিটি বিষয়ের জন্য প্রার্থীদের একটি করে OMR ফরমযুক্ত মূল উত্তরপত্র দেয়া হবে। সংযুক্ত OMR ফরমে প্রার্থীর জন্য নির্ধারিত প্রথম অংশে প্রার্থী তার নাম লিখবেন, বিষয় কোডের ঘরে এ পরীক্ষা সূচির প্রথমাংশে আবশ্যিক/পদ-সংশ্লিষ্ট বিষয়ের পাশে বর্ণিত তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী OMR ফরমে 'বিষয় কোডের' ঘরের ওপরের ফাঁকা অংশে লিখে নিচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন: 'ইংরেজি (আবশ্যিক)' বিষয়ের কোড '০০৩'। সে ক্ষেত্রে বিষয় কোডের ঘরে '০০৩' লিখে নিচের কোডের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত পূরণ করতে হবে।

১১.২ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮ (আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে মুদ্রিত রেজিস্ট্রেশন নম্বরটি ওপরের ঘরে সাবধানতার সাথে বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন।

ক্রমশ: ৬

১১.৩ নামের ঘরে প্রার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন ও স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন এবং বিষয়ের ঘরে সংশ্লিষ্ট বিষয়ের নাম লিখবেন।

১১.৪ পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি তিনি বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

১১.৫ অতিরিক্ত উত্তরপত্রের ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। প্রতিটি অতিরিক্ত উত্তরপত্রের জন্য একটি করে বৃত্ত পূরণ করতে হবে।

১১.৬ বিশেষভাবে উল্লেখ্য, উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত OMR ফরমের প্রথম অংশে কেন্দ্র, বিষয় কোড, অতিরিক্ত উত্তরপত্র ও নম্বরের ঘরে কোনরূপ কাটাকাটি করলে এবং OMR অংশে কিছু লিখলে, কোনরূপ চিহ্ন বা দাগ দিলে কিংবা ফ্লুইড লাগালে উক্ত উত্তরপত্রটি বাতিল হবে।

১১.৭ মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি কোনভাবেই লিখবেন না। লিখলে বা কোনরূপ সাংকেতিক চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল হবে।

**১২.০ বাংলা বিষয়ক পরীক্ষা সংক্রান্ত :**

১২.১ ঢাকা কেন্দ্রে ০৫.০১.২০২৩ তারিখে অনুষ্ঠেয় ৩ ঘণ্টার আবশ্যিক বাংলা (০০১) বিষয়ের পরীক্ষা, ৪ ঘণ্টার বাংলা (০০২) পরীক্ষার সাথে একই দিনে শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ৩ ঘণ্টার বাংলা (০০১) পরীক্ষাটি পৃথক কক্ষে অনুষ্ঠিত হবে।

১২.২ রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ কেন্দ্রে 'কারিগরি/পেশাগত' ক্যাডারের প্রার্থীদের ৩ ঘণ্টার আবশ্যিক বাংলা (কোড-০০১) পরীক্ষা একই পরীক্ষা হলের ভিন্ন কক্ষে অনুষ্ঠিত হবে।

১২.৩ **০৫.০১.২০২৩ তারিখে অনুষ্ঠেয় 'সাধারণ' এবং 'সাধারণ ও কারিগরি/পেশাগত' উভয় ক্যাডারের প্রার্থীদেরকে ৪ ঘন্টার আবশ্যিক বাংলা (০০২) বিষয়ের পরীক্ষার জন্য একটি উত্তরপত্র সরবরাহ করা হবে। একইভাবে শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের ৩ ঘন্টার আবশ্যিক বাংলা (০০১) বিষয়ের পরীক্ষার জন্যও একটি উত্তরপত্র সরবরাহ করা হবে। কোন প্রার্থী ভুলভাবে বিষয় কোড পূরণ করলে উক্ত প্রার্থীর পরীক্ষা বাতিল হবে।**

**১৩.০ মানসিক দক্ষতা বিষয়ক পরীক্ষা সংক্রান্ত :**

১৩.১ ০৩.০১.২০২৩ তারিখে দুপুর ১২:৩০ মিনিট থেকে দুপুর ১:৩০ মিনিট পর্যন্ত অনুষ্ঠেয় MCQ type মানসিক দক্ষতা (বিষয় কোড-০০৯) বিষয়ের পরীক্ষার দিন দুপুর ১২:১৫ মিনিটে প্রত্যেক প্রার্থীকে দু'টি অংশে বিভক্ত OMR উত্তরপত্র দেয়া হবে। প্রার্থী উত্তরপত্রে তার কেন্দ্রের বৃত্ত পূরণ করবেন, রেজিস্ট্রেশন নম্বরের ঘরে রেজিস্ট্রেশন নম্বর এবং বিষয় কোডের ঘরে বিষয়কোড লিখে সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর প্রার্থী কর্তৃক পূরণীয় OMR ফরমের ১ম অংশ ছিঁড়ে পরিদর্শক আলাদা করবেন। ২য় অংশটি ৫০ (পঞ্চাশ) টি উত্তরের জন্য নির্ধারিত। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR উত্তরপত্রের বৃত্ত পূরণ করতে হবে। পেন্সিল দিয়ে বৃত্ত পূরণ করা যাবে না। উত্তরপত্রে কোনরূপ ফ্লুইড ব্যবহার করা যাবে না। ২য় অংশে কোনভাবেই প্রার্থী নাম, রেজিস্ট্রেশন নম্বর লিখবেন না বা কোনরূপ চিহ্ন/দাগ দিবেন না। বৃত্ত পূরণ করার ক্ষেত্রে পেন্সিল কিংবা ফ্লুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট উত্তরপত্র এবং প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

১৩.২ অপরাহ্ন ১২:২৫ মিনিটে প্রার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। প্রশ্নপত্র পাওয়ার পর প্রার্থীরা তার প্রশ্নপত্রের সেট নম্বর উত্তরপত্রের নির্ধারিত স্থানে লিখবেন এবং এর নীচের সংশ্লিষ্ট বৃত্ত বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। অপরাহ্ন ১২:৩০ মিনিট থেকে উত্তর দান শুরু হবে, অপরাহ্ন ১:৩০ মিনিটে পরীক্ষা শেষ হবে। প্রার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করার পর প্রার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

১৩.৩ MCQ type মানসিক দক্ষতা বিষয়ের পরীক্ষায় মোট ৫০ (পঞ্চাশ) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর হতে ০.৫ নম্বর করে কাটা যাবে।

১৪.০ প্রতিটি হলের প্রতিটি কক্ষে ক্লোজসার্কিট ক্যামেরার আওতায় পরীক্ষা গ্রহণ করা হবে। যে কোন ধরনের অসদুপায় অবলম্বন/গ্রহণ থেকে প্রার্থীদেরকে বিরত থাকার জন্য পরামর্শ দেওয়া হলো।

স্বা:/-
২৬.১২.২০২২
**আনন্দ কুমার বিশ্বাস**
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
[যুগ্মসচিব]

ক্রমশ: ৭

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.৫৬.০৫৮.২২-৪৪৪

তারিখ : ১১ পৌষ ১৪২৯ / ২৬ ডিসেম্বর ২০২২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

(১) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর [পি.আই.ডি], ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশনের সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

(২) মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে প্রচার করতে অনুরোধ করা হলো]

(৩) বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো]

(৪) বার্তা সম্পাদক, ......... ........ ........ ........ ........ ........ ........ ........ ........
[বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ আকারে প্রচার করতে অনুরোধ করা হলো]

(৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
[প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো]

(৬) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
[প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

26/12/2022

**আনন্দ কুমার বিশ্বাস**
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
[যুগ্মসচিব]